

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

بَابٌ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِم

আরবী

أَخْبَرَنَا بِشْرُ بْنُ تَابِتٍ، أَنبَأَنَا شُعْبَةُ، عَنْ يَزِيدَ أَبِي خَالِدٍ، عَنْ هَارُونَ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: «مَا اجْتَمَعَ قَوْمٌ فِي بَيْتٍ مِنْ بُيُوتِ اللَّهِ يَتَذَاكَرُونَ كِتَابَ اللَّهِ وَيَتَدَارَسُونَهُ بَيْنَهُمْ، إِلَّا أَظَلَّتُهُمُ الْمَلَائِكَةُ بِأَجْنِحَتِهَا حَتَّى يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ. وَمَنْ سَلَكَ طَرِيقًا يَبْتَغِي بِهِ الْعِلْمَ، سَهَّلَ اللَّهُ طَرِيقَهُ إِلَى الْجَنَّةِ، وَمَنْ أَبْطَأَ بِهِ عَمَلُهُ، لَمْ يُسْرِعْ بِهِ نَسَبُهُ

إسناده صحيح

বাংলা

৩৬৮. হারুন তার পিতা হতে, তিনি ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বর্ণনা করেন, তিনি বলেন: যখন কিছু লোক নিজেরা পরস্পরকে আল্লাহর কিতাব স্মরণ করানো বা আলোচনা ও শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে আল্লাহর ঘরসমূহের মধ্য থেকে কোনো একটি ঘরে একত্রিত হয়, তখন ফিরিশতাগণ তাদের উপর তাদের ডানা দ্বারা ছায়া দান করতে থাকে, যতক্ষণ না তারা তা ছেড়ে অন্য কথায় রত হয়। আর যে ব্যক্তি ইলম অম্বেষণের উদ্দেশ্যে পথ চলে আল্লাহ তাকে জান্নাতের দিকে তার পথ সহজ করে দেন। আর যাকে তার আমল পিছিয়ে দিয়েছে, বংশ-মর্যাদা তাকে সামনে এগিয়ে দিতে পারে না।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বাইহাকী, ভ্য়াবুল ঈমান নং ৬৭১;



আর এর কিছু অংশের তাখরীজ ৩৫৭ নং এ গত হয়েছে। সেখানে পূর্ণ তাখরীজ দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

𝚱 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69679

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন